দৈনিক বাংলা

003

তারিখ ... ২১।৭।৮৩ ...
পৃষ্ঠা ... কলাম ...

# মাদ্রাসা শিক্ষা সুপারিশ পেশের জন্য কমিটি

সরকার প্রচলিত মাদ্রাসা শিক্ষা-ব্যবস্থা ও মাদ্রাসা শিক্ষা-ক্রম এবং পাঠ্যসূচী পরীক্ষা-নিরীক্ষা করার জন্য ইসলামিক বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ মমতাজউদ্দীন চৌধুরীকে চেয়ারম্যান করে ৮ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেছেন।

কমিটির সদস্যরা হচ্ছেন—বরিশাল দারুস সুন্না আলিয়া মাদ্রাসার মওলানা রূহুল আমিন, ঢাকা মাদ্রাসাই আলিয়ার অধ্যক্ষ, বিভাগীয় প্রধান, ইসলামিক স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ডঃ মুস্তাফিজুর রহমান, সহযোগী অধ্যাপক, আরবী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, জনাব ছায়েদুর রহমান, পাঠ্যক্রম বিশেষজ্ঞ, মাদ্রাসা শিক্ষা বোর্ড, মওলানা মোঃ আবদুস সালাম, প্রিন্সিপাল, চালনা দারুল উলুম সিনিয়র মাদ্রাসা, ঢাকা এবং মওলানা আবদুস সালাম, প্রিন্সিপাল, মাদারীপুর আলিয়া মাদ্রাসা। মওলানা রূহুল আমিন কমিটির সদস্য-সচিব হিসাবে কাজ করবেন।